দৈনিক সংবাদ

তারিখ 16 OCT 1993
পৃষ্ঠা ৭ কলাম ৪৫

# ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস পালন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল ১৫ অক্টোবর যথাযোগ্য মর্যাদায় ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস পালিত হয়।

কর্মসূচী অনুযায়ী সকাল ৬টায় বিশ্ব-বিদ্যালয়ের প্রধান প্রধান ভবন ও প্রত্যেক হলে কালো পতাকা উত্তোলন এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত করা হয়। সকাল সাড়ে ৬টায় উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীনের নেতৃত্বে একটি শোক

শোক দিবস ঃ ২ কঃ ৪

## শোক দিবস ঃ পালন

(১ম পৃষ্ঠার পর)

মিছিল অপরাজেয় বাংলা থেকে বের হয়ে জগন্নাথ হলে এসে শেষ হয়। সকাল ৭টায় শহীদ বেদীতে উপাচার্য অধ্যাপক এমাজ-উদ্দীন আহমদ, বিভিন্ন হল ছাত্র সংসদ, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, বাংলাদেশ ছাত্রলীগ (ম-ই), ছাত্রমৈত্রী, পাহাড়ী ছাত্র পরিষদ, স্বামী বিবেকানন্দ শিক্ষা ও সংস্কৃতি সংসদ, কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্র ঐক্যসহ বিভিন্ন ছাত্রসংগঠন পুষ্পস্তবক অর্পণ করে।

দিনের অন্যান্য কর্মসূচীর মধ্যে রক্তদান কর্মসূচী ও তেলচিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

বিকেলে টিএসসি মিলনায়তনে উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীনের সভাপতিত্বে স্মরণসভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন উপ-উপাচার্য ডঃ ওয়াকিল আহমদ, ডঃ ললিত মোহন নাথ, জগন্নাথ হল প্রাধ্যক্ষ জগদীশ শুক্লা দাস, হাউস টিউটর নিরঞ্জন অধিকারী ও জগন্নাথ হল ছাত্র সংসদের সহ-সভাপতি শুভাষ সিংহ রায় স্মরণ সভাশেষে সাংস্কৃতিক অনুষ্ঠান ও নাটক মঞ্চস্থ হয়।

শোক দিবস উপলক্ষে বিকেলে বাংলা-দেশ ছাত্রদল এক আলোচনা সভার আয়োজন করে।